

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৬০

পরিচ্ছেদঃ বান্দাদের জন্য আল্লাহ্ তা'আলা প্রদত্ত উদাহরণ।

بَابُ مَا جَاءَ فِي مَثَلِ اللهِ لِعِبَادِهِ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ خَالِدِ بْنِ يَزِيدَ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ، أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ الأَنْصَارِيَّ، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمًا فَقَالَ " إِنِّي رَأَيْتُ فِي الْمَنَامِ كَأَنَّ جِبْرِيلَ عِنْدَ رَأْسِي وَمِيكَائِيلَ عِنْدَ رَجْلَيَّ يَقُولُ أَحَدُهُمَا لِصَاحِبِهِ اضْرِبْ لَهُ مَثَلاً . فَقَالَ اسْمَعْ سَمِعَتْ أُذُنُكَ وَاعْقِلْ عَقَلَ قَلْبُكَ إِنَّمَا مَثُلُكَ وَمَثُلُ أُمَّتِكَ كَمَثَلِ مَلِكَ اتَّخَذَ دَارًا ثُمَّ بَنَى فِيهَا بَيْتًا ثُمَّ جَعَلَ فِيهَا مَائِدَةً ثُمَّ بَعَثَ رَسُولاً يَدْعُو النَّاسَ كَمَثَلِ مَلِكَ اتَّخَذَ دَارًا ثُمَّ بَنَى فِيهَا بَيْتًا ثُمَّ جَعَلَ فِيها مَائِدَةً ثُمَّ بَعَثَ رَسُولاً يَدْعُو النَّاسَ لِلْمَاعِمِةِ فَمِنْهُمْ مَنْ أَجَابَ الرَّسُولَ وَمِنْهُمْ مَنْ تَرَكَهُ فَاللَّهُ هُوَ الْمَلِكُ وَالدَّارُ الإِسْلاَمُ وَالْمَلِكُ وَالدَّالُ الإِسْلاَمُ وَمَنْ دَخَلَ الْإِسْلاَمُ وَمَنْ دَخَلَ الإِسْلاَمُ وَمَنْ دَخَلَ الإِسْلاَمُ وَمَنْ دَخَلَ الإَسْلاَمُ وَمَنْ دَخَلَ الْإِسْلاَمُ وَمِنْ دَخَلَ الْأَبْفِ عِيسَى هَذَا لَمَدِيثُ مُرْسُلٌ . سَعِيدُ صَلَى الله عليه وسلم بإِسْنَاد أَصَتَ مِنْ هَذَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ مُرْسُلٌ . سَعِيدُ بِنُ أَبِي هِلاَلٍ لَمْ يُدْرِكُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ .

## বাংলা

২৮৬০. কুতায়বা (রহঃ) .... জাবির ইবন আবদুল্লাহ্ আল-আনসারী রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ একদিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে বের হয়ে এসে বললেনঃ আমি স্বপ্নে দেখেছি, আমার মাথার পাশে হলেন জিবরীল (আঃ) পায়ের কাছে মিকাঈল (আঃ)। একজন তার অপর সঙ্গীকে বলছেনঃ এ ব্যক্তির উদাহরণ দিন। অপরজন বললেন, শুনুন। আর আপনার কান যেন শ্রবণে নিবিষ্ট থাকে, আর আপনার অন্তর যেন যথার্থ উপলদ্ধিতে নিয়োজিত থাকে। আপনার এবং আপনার উম্মতের উপমা হল যেন, এক সম্রাট একটি বাড়ি বানালেন, তারপর এতে ঘর বানালেন। এরপর তাতে খাদ্য ভর্তি খাধ্বা রাখলেন। তারপর তিনি লোকদেরকে আহারের দাওয়াত দিতে একজন আহ্বানকারী পাঠালেন। তাদের মাঝে একদল তো আহ্বায়কের ডাকে সাড়া দিলে আরেক দল তা প্রত্যাখ্যান করল।



আল্লাহ্ তা'আলা হলেন সেই সম্রাট। বাড়িটি হল ইসলাম। ঘর হল জান্নাত। আর ইয়া মুহাম্মাদ! আপনি হলেন সেই প্রেরিত পুরুষ। যে ব্যক্তি আপনার ডাকে সাড়া দিল সে ইসলামে প্রবেশ করল। আর যে ইসলামে প্রবেশ করল সে জান্নাতে প্রবেশ করল। যে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে সে তাতে যা আছে তা আহার করবে।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৬০ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি মুরসাল। সাঈদ ইবন আবৃ হিলাল জাবির ইবন আবদুল্লাহ্ রাদিয়াল্লাহ্ আনহু-এর সাক্ষাৎ পান নি। এ বিষয়ে ইবন মাসঊদ রাদিয়াল্লাহ্ আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে অন্যভাবে আরো সহীহ সনদে বর্ণিত আছে।

## **English**

Narrated Sa'eed bin Hilal:

that Jabir bin 'Abdullah Al-Ansari said: "One day the Messenger of Allah (ﷺ) came out to us and said: "While I was sleeping I had a vision as if Jibra'il was at my feet. One of them said to his companion: 'Make a parable for him' so he said: 'Listen so that your ears may hear. Hearken so that your heart may understand! The parable of you and your Ummah is but the parable of a king who conquers a land, then he constructs a house in it. Then he places a table-spread in it, then he sends a messenger to call the people to eat from it. Among them are those who answer the call of the messenger, and among them are those who forsake it. So Allah is the king and the land is Islam, and the house is Paradise, and you O Muhammad! You are the Messenger, so whoever responds to you he enters Islam, and whoever enters Islam he enters Paradise, and whoever enters Paradise, he shall eat of what is in it.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন